গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট**

(বাংলাদেশ চা বোর্ডের একটি অঙ্গ প্রতিষ্ঠান)

শ্রীমঙ্গল-3210, মৌলভীবাজার।

www.btri.gov.bd


স্মারক নং: ১৪/মৃ: বি:/বি:প:/২০২০-৭১-১১৫৫৮ তারিখ: ২৭/০৭/২০২৬

মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক

.......................................... চা বাগান

পো: ............................................

জেলা: .........................................

**বিষয়: বিটিআরআই-এর মৃত্তিকা বিজ্ঞান বিভাগের গবেষণাগারে মৃত্তিকা, সার, পানি ও সবুজ পাতার নমুনা প্রেরণ।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চা গাছের সুষ্ঠু বৃদ্ধি, পুষ্টি উপাদানের ঘাটতি নির্ণয়, সারের সুষম প্রয়োগ, সারের গুণগত মান যাচাই এবং চায়ের উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য চা আবাদের মৃত্তিকা, রাসায়নিক ও জৈব সার, পানি এবং সবুজ পাতার রাসায়নিক বিশ্লেষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। চা আবাদের মাটিতে প্রয়োজনীয় পুষ্টি উপাদানের ঘাটতি দেখা দিলে একদিকে যেমন ফলন কমে যায়, অন্যদিকে বিভিন্ন রোগ ও পোকামাকড়ের আক্রমণের প্রবণতা বৃদ্ধি পায়, যা গাছের স্বাভাবিক বৃদ্ধি ও উৎপাদনকে ব্যাহত করে। এ প্রেক্ষিতে বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (বিটিআরআই)-এর মৃত্তিকা বিজ্ঞান বিভাগের গবেষণাগারে আধুনিক যন্ত্রপাতির মাধ্যমে নিয়মিতভাবে মৃত্তিকা, রাসায়নিক সার, জৈব সার, ডলোমাইট/চুন, পানি এবং সবুজ পাতার বিভিন্ন রাসায়নিক ও ভৌত বৈশিষ্ট্য পরীক্ষা করা হয়ে থাকে।

**নমুনা বিশ্লেষণের নির্ধারিত ফি নিম্নরূপ:**

| নমুনার নাম | নমুনাপ্রতি বিশ্লেষণ ফি (টাকা) |
|---|---|
| মৃত্তিকা | ৫০০/= |
| রাসায়নিক সার (ইউরিয়া, টিএসপি, এমওপি, ডিএপি, জিংক সার ইত্যাদি) | ৫০০/= |
| ডলোমাইট/চুন | ৫০০/= |
| পানি | ৫০০/= |
| জৈব সার (কম্পোস্ট, ভার্মিকম্পোস্ট ইত্যাদি) | ১,২০০/= |
| সবুজ পাতা | ১,৫০০/= |

উল্লেখ্য যে, বিটিআরআই-এর গবেষণাগারে নমুনা বিশ্লেষণের ফি দেশের অন্যান্য প্রতিষ্ঠানের তুলনায় অত্যন্ত সাশ্রয়ী। তাই আপনার চা বাগানের মৃত্তিকা, সার, পানি ও সবুজ পাতার নমুনা নিয়মিত পরীক্ষা করিয়ে মাটির স্বাস্থ্য সংরক্ষণ, পুষ্টি ব্যবস্থাপনার উন্নয়ন, সারের গুণগত মান যাচাই এবং প্রয়োজনীয় সার ব্যবহারের বৈজ্ঞানিক সুপারিশ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**নমুনা সংগ্রহের নির্দেশনা**

**১। মৃত্তিকা নমুনা সংগ্রহ**

ক) টিলা (Tillah) সেকশনের ক্ষেত্রে: প্রতিটি সেকশনের টিলার শীর্ষ (Tillah Top), ঢাল (Tillah Slope) এবং সমতল অংশ (Tillah Flat) থেকে পৃথকভাবে ০–৯", ৯–১৮" এবং ১৮–৩৬" গভীরতা হতে মৃত্তিকা সংগ্রহ করতে হবে। প্রতিটি গভীরতার জন্য সেকশনের বিভিন্ন প্রতিনিধিত্বশীল স্থান (প্রতি হেক্টরে কমপক্ষে ৮–১০টি স্থান) থেকে নমুনা সংগ্রহ করে ভালোভাবে মিশিয়ে একটি Composite Sample প্রস্তুত করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট
(বাংলাদেশ চা বোর্ডের একটি অঙ্গ প্রতিষ্ঠান)
শ্রীমঙ্গল-3210, মৌলভীবাজার।
www.btri.gov.bd

খ) সমতল (Flat) সেকশনের ক্ষেত্রে: সেকশনের বিভিন্ন প্রতিনিধিত্বশীল স্থান (প্রতি হেক্টরে কমপক্ষে ৮–১০টি স্থান) থেকে ০–৯", ৯–১৮" এবং ১৮–৩৬" গভীরতার পৃথক পৃথক নমুনা সংগ্রহ করে প্রতিটি গভীরতার জন্য একটি করে Composite Sample প্রস্তুত করতে হবে। মাটি সংগ্রহের জন্য অগার, কোদাল, খন্তা, নিড়ানি বা বেলচা ব্যবহার করা যেতে পারে। প্রতিটি Composite Sample-এর ওজন ৮০০ গ্রাম থেকে ১ কেজির মধ্যে হতে হবে।

**মৃত্তিকা নমুনা সংগ্রহের সময়**

সার প্রয়োগের পূর্বে মৃত্তিকা নমুনা সংগ্রহ করা উত্তম। প্রয়োজনে সার প্রয়োগের ৬–৮ সপ্তাহ পরও নমুনা সংগ্রহ করা যেতে পারে।

**মৃত্তিকা নমুনার প্যাকেট ও ট্যাগিং**

মৃত্তিকা নমুনা পরিষ্কার পলিথিন ব্যাগে সংরক্ষণ করতে হবে। প্রতিটি নমুনার সঙ্গে একটি পৃথক ছোট পলিথিনে ট্যাগ সংযুক্ত করতে হবে, যাতে কাগজ সরাসরি মাটির সংস্পর্শে না আসে।

কাগজের ট্যাগে নিম্নোক্ত তথ্য স্পষ্টভাবে উল্লেখ করতে হবে—

- চা বাগানের নাম, সেকশন নম্বর, প্রুনিং-এর ধরন, টপোগ্রাফি (টিলা/সমতল), নমুনা নম্বর, নমুনার গভীরতা, নমুনা সংগ্রহের তারিখ এবং সংগ্রহকারীর নাম।

**২। সারের নমুনা সংগ্রহ**

প্রতিটি সারের (ইউরিয়া, টিএসপি, এমওপি, ডিএপি ইত্যাদি) কমপক্ষে ৩টি পৃথক বস্তা থেকে নমুনা সংগ্রহ করে Composite Sample প্রস্তুত করতে হবে এবং প্রতিটি নমুনা ২৫০–৩০০ গ্রাম পরিমাণ পাঠাতে হবে।

**৩। পানির নমুনা সংগ্রহ**

চা বাগানের পানির নমুনা সংগ্রহের উদ্দেশ্যে হলো ক) সেচের পানি এবং খ) চা কারখানাতে ব্যবহৃত পানির Quality পরীক্ষা করা। পানির নমুনা সংগ্রহের সময় যদি বাগানের ছড়া বা লেক হতে পানি সংগ্রহ করা হয় সেক্ষেত্রে প্রবাহমান পানি দিয়ে প্রথমে পানি সংগ্রহর বোতলটি ধুয়ে নিতে হবে। এরপর প্রবাহমান পানি হতে নমুনা সংগ্রহ করতে হবে। টিউবওয়েল বা ট্যাপ হতে নমুনা সংগ্রহের পূর্বে টিউবওয়েল চাপ দিয়ে এবং ট্যাপ খুলে প্রথমে কিছু পানি ফেলতে হবে। তারপর পানির নমুনা সংগ্রহের বোতল টিউবওয়েল/ট্যাপের পানি দিয়ে ভালো করে ধুয়ে পানির নমুনা সংগ্রহ করতে হবে। পানির নমুনা সংগ্রহ করে ঐদিনই যত দ্রুত সম্ভব বিটিআরআই এর মৃত্তিকা বিজ্ঞান বিভাগের গবেষণাগারে পাঠাতে হবে।

**৪। সবুজ পাতার নমুনা সংগ্রহ**

যেসব সেকশনে ফলন কম অথবা পুষ্টি উপাদানের ঘাটতির লক্ষণ দেখা যায়, সেসব সেকশনের কমপক্ষে ৩টি প্রতিনিধিত্বশীল স্থান থেকে ৫০০ গ্রাম ওজনের পৃথক পৃথক ৩টি সবুজ পাতার নমুনা সংগ্রহ করে দ্রুত বিটিআরআই-এর মৃত্তিকা বিজ্ঞান বিভাগের গবেষণাগারে প্রেরণ করতে হবে।

এখানে উল্লেখ আবশ্যক যে, নমুনা পাঠানোর সময় আবেদন পত্রে আবশ্যিকভাবে বাগানের **ই-মেইল ঠিকানা ও হোয়াটসঅ্যাপ নম্বর** সংযোজন করবেন। নমুনা পরীক্ষার প্রতিবেদন ডাকযোগে পাঠানোর পাশাপাশি ই-মেইল ও হোয়াটসঅ্যাপে পাঠানো হবে। আপনার চা বাগানে বৈজ্ঞানিক পুষ্টি ব্যবস্থাপনা নিশ্চিতকরণে উপরোক্ত নির্দেশনা অনুসরণ করে প্রয়োজনীয় নমুনা প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

29-09-2025

(ড. মো. ইসমাইল হোসেন)
পরিচালক (ভারপ্রাপ্ত)।

অনুলিপি:

(১) পিএ টু চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম।
(২) পিএ টু সদস্য (অর্থ ও বাণিজ্য), বাংলাদেশ চা বোর্ড, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম।
(৩) পিএ টু সদস্য (গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ চা বোর্ড, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম।